# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ৬১৪

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ১১) ক্বিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(صحيح) وَعَنْ جابر رَضِيَ اللَّهُ عَنْهُ قال قَالَ : رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : مَا مِنْ ذَكَرٍ وَلاَ أُنْثَى إِلاَّ عَلَى رَأْسِهِ جَرِيرٌ مَعْقُودٌ حِينَ يَرْقُدُ ، فَإِنِ اسْتَيْقَظَ فَذَكَرَ اللَّهَ انْحَلَّتْ عُقْدَةٌ ، وَإِذَا قَامَ فَتَوَضَّأَ وَصَلَّى انْحَلَّتِ الْعُقَدُ
وَأَصْبَحَ خَفِيفًا طَيِّبَ النَّفْسِ ، قَدْ أَصَابَ خَيْرًا.رواه ابن خزيمة و ابن حبان

বাংলা

৬১৪. (সহীহ্) জাবের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ

"যে কোন পুরুষ বা নারী রাত্রে যখন নিদ্রা যায় তখন তার মাথায় রশিতে গিরা বেঁধে দেয়া হয়। যখন সে জাগ্রত হয়ে আল্লাহকে স্মরণ করে, তখন একটি গিরা খুলে যায়। বিছানা থেকে উঠে যদি ওযু করে সালাত আদায় করে, তবে সবগুলো গিরা খুলে যায়। তখন হালকা ও পবিত্র মন নিয়ে তার ভোর হয় এবং কল্যাণ লাভ করে।"

(হাদীছটি বর্ণনা করেছেন ইবনে খুযায়মা ২/১৭৫ ও ইবনে হিব্বান ২৫৪৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88485

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন